

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
রিজিওনাল প্ল্যানিং
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.১৭

তারিখ: ২১ কার্তিক ১৪২৪

০৫ নভেম্বর ২০১৭


বিষয়: জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের জন্য দক্ষিণ কেরানীগঞ্জের তেঘরিয়া ইউনিয়নের পশ্চিমদি মৌজায়
নির্ধারিত ২০০(দুইশত) একর (কম/বেশী) ভূমি অধিগ্রহণের জন্য অনাপত্তি প্রত্যয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র: জাবি/প্রশা-৩৫(১৩)/২০১২/৪৯১২, তারিখঃ ২৪ অক্টোবর, ২০১৭

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের আবাসিক হলসহ অন্যান্য অবকাঠামোগত সুযোগ-সুবিধা সৃষ্টির জন্য দক্ষিণ কেরানীগঞ্জের তেঘরিয়া ইউনিয়নের পশ্চিমদি মৌজায় নির্ধারিত ২০০(দুইশত) একর (কম/বেশী) ভূমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র চাওয়া হয়েছে। প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রেরিত তথ্য ও উপাত্ত যাচাই করে দেখা যায় যে প্রেরিত পত্রের সাথে অনাপত্তিপত্র প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় নিম্নলিখিত তথ্যাদি অনুপস্থিত।

১. আর এস মৌজা ম্যাপের উপর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্রস্তাবিত জমির দাগসূচীসহ সাইট প্ল্যান বা প্রস্তুতকৃত নকশা।
২. প্ল্যানিং কমিশন স্ট্যান্ডার্ড অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থা অথবা স্থাপত্য অধিদপ্তর কর্তৃক জমির প্রাপ্যতার প্রত্যয়ন পত্র।
৩. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক জমির অনাপত্তি পত্র।
৪. প্রত্যাশী সংস্থা কর্তৃক মামলা সংক্রান্ত প্রত্যয়ন পত্র।

এমতাবস্থায় অনাপত্তিপত্র প্রক্রিয়াকরণের জন্য উপরোক্ত প্রয়োজনীয় কাগজপত্রগুলো সরবরাহ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৫-১১-২০১৭

কাজী মোঃ ফজলুল হক
সিনিয়র প্ল্যানার

প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, রেজিস্ট্রার
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.১৭/১(২)

তারিখ: ২১ কার্তিক ১৪২৪

০৫ নভেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর



৫-১১-২০১৭

ইসরাত জাহান
প্ল্যানার